একাডেমিক শাখা, রেজিস্ট্রার কার্যালয়
বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়
তেজগাঁও, ঢাকা-১২০৮।
ফোন নং: +৮৮০২-৪৮১১২৪৪২।
Website: www.butex.edu.bd

Academic Section, Office of the Registrar
Bangladesh University of Textiles
Tejgaon, Dhaka-1208.
Phone No: +8802-48112442.
E-mail : academic@regioffice.butex.edu.bd

স্মারক নংঃ বুটেক্স/একা/৩৭(অংশ-৬)/২০২৫/ তারিখঃ ০৪/১১/২০২৬ খ্রিঃ

বিজ্ঞপ্তি

এতদ্বারা এই বিশ্ববিদ্যালয়ের বিএসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামের ডাইজ এন্ড কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের ২০২৩-২৪ সেশনের শিক্ষার্থী শুভদ্বীপ সোম (আইডি: ২৪০১০৯০১০০৩)-সহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ১৪৪৮১, ২০২৬ এর গত ১৯/১০/২০২৬ তারিখের আদেশ এবং ডিনস্ কমিটির ১১৩তম সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে তাকে আগামী ০৫/১১/২০২৬ তারিখের মধ্যে লেভেল-১ টার্ম-১ (২০২৫-২৬ সেশন) এ পুনঃভর্তি ও চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণের নিমিত্ত এন্ট্রি ফর্ম ফিলাপের নির্দেশ প্রদান করা হলো।

এমতাবস্থায়, বিএসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামে পুনঃভর্তি এবং চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণের নিমিত্ত এন্ট্রি ফর্ম ফিলাপের জন্য বুটেক্স এর ওয়েবসাইট http://www.butex.edu.bd এ ক্লিক করে স্টুডেন্ট আইডি লিখে সার্চ করলে বিস্তারিত তথ্য পাওয়া যাবে। অতঃপর তাকে নির্দিষ্ট ফিল্ডে প্রয়োজনীয় তথ্যাদি দিয়ে **Sonali Payment Gateway** এর মাধ্যমে সোনালী ব্যাংক এর একাউন্ট টু একাউন্ট, সোনালী-ই-ওয়ালেট, ভিসা কার্ড, মাস্টার কার্ড, এমেক্স কার্ড, নেক্সাস কার্ড (ডিবিবিএল), বিকাশ, নগদ, রকেট, উপায় অথবা ট্যাপ এর মাধ্যমে নির্ধারিত পুনঃভর্তি ফি ১৬০০/- (এক হাজার ছয়শত) এবং এন্ট্রি ফর্ম ফিলাপের জন্য ২১০০/- (দুই হাজার একশত) টাকা আগামী ০৫/১১/২০২৬ তারিখের মধ্যে জমা দিয়ে লেভেল-১ টার্ম-১ এ পুনঃভর্তি এবং এন্ট্রি ফর্ম ফিলাপের প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। অতঃপর বুটেক্স এর ওয়েব সাইট http://www.butex.edu.bd এর Downloadable Form থেকে এন্ট্রি ফর্ম ও এডমিট কার্ড Download করতঃ তা যথাযথভাবে পূরণ করে বিভাগীয় প্রধানের স্বাক্ষর গ্রহণপূর্বক সংশ্লিষ্ট বিভাগে দাখিল করতে হবে।

উল্লেখ্য যে, বর্ণিত সকল ক্ষেত্রে নির্ধারিত অনলাইন চার্জ শিক্ষার্থীকে প্রদান করতে হবে। অনলাইন ফি জমা দেওয়ার পর জমা রশিদ প্রিন্ট করে পূরণকৃত এন্ট্রি ফর্ম এর সাথে অবশ্যই সংযুক্ত করতে হবে।

পূরণকৃত এন্ট্রি ফরম জমা দেওয়ার সময় নিম্নবর্ণিত কাগজপত্র ফর্মের সাথে সংযুক্ত করতে হবে:

(১) টাকা জমা দেওয়ার রশিদ;
(২) হল ও লাইব্রেরী ক্লিয়ারেন্স স্লিপ;
(৩) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি রঙ্গিন ছবি।

এন্ট্রি ফর্ম পূরণ করার সময় খুব সর্তকতার সহিত পূরণ করতে হবে। শিক্ষার্থীদেরকে এন্ট্রি ফর্ম এ সিলেবাস অনুযায়ী বিষয়সমূহের কোডসহ সম্পূর্ণ নাম সুস্পষ্ট ও নির্ভুলভাবে লিখতে হবে এবং নির্ধারিত স্থানে স্বাক্ষর প্রদান করতে হবে।

স্বাক্ষরিত/-
(অধ্যাপক ড. রাশেদা বেগম দিনা)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)

স্মারক নং-বুটেক্স/একা/৩৭(অংশ-৬)/২০২৫/৬৪৮ তারিখঃ ০৪/১১/২০২৬ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। ডীন, সকল অনুষদ, বুটেক্স।
২। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, বুটেক্স।
৩। প্রভোষ্ট, সকল হল, বুটেক্স।
৪। পরিচালক (শিক্ষার্থী কল্যাণ), বুটেক্স।
৫। প্রক্টর, বুটেক্স।
৬। পরীক্ষা নিয়ন্ত্রক (চলতি দায়িত্ব), পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর, বুটেক্স।
৭। উপ-পরিচালক (অর্থ ও হিসাব), অর্থ ও হিসাব দপ্তর, বুটেক্স।
৮। ডেপুটি জেনারেল ম্যানেজার, গভঃ একাউন্টস এন্ড সার্ভিসেস ডিভিশন (সার্ভিসেস ডিপার্টমেন্ট), প্রধান কার্যালয়, সোনালী ব্যাংক লিঃ, মতিঝিল বা/এ, ঢাকা।
৯। আইসিটি সেল (বিজ্ঞপ্তিটি বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ), বুটেক্স।
১০। পিএস টু ভিসি (ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), ভিসি দপ্তর, বুটেক্স।
১১। লাইব্রেরিয়ান (ভারপ্রাপ্ত), সেন্ট্রাল লাইব্রেরী, বুটেক্স।
১২। বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ড/সকল হল নোটিশ বোর্ড, বুটেক্স।
১৩। সংশ্লিষ্ট নথি।

০৪/১১/২৬
(মুহাম্মদ শরীফুর রহমান)
ডেপুটি রেজিস্ট্রার (এইচআর)

CamScanner